দৈনিক সংবাদ

2 3 SEP 1994

তারিখ ... 2-9 SEP 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭

০৭

# ময়মনসিংহে শিক্ষা দিবস পালিত

ময়মনসিংহ, ২২শে সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- মহান শিক্ষা দিবস উপলক্ষে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ময়মনসিংহ জেলা সংসদ বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতির দাবিতে জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি প্রদান করেছে।

শিক্ষা দিবস উপলক্ষে ছাত্র ইউনিয়ন জেলা সংসদ আনন্দ মোহন কলেজে এক মিছিল বের করে। পরে মিছিলটি জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এক সামাবেশের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন ছাত্র ইউনিয়নের জেলা সংসদের সভাপতি মোকসেদুর রহমান জুয়েল। বক্তব্য রাখেন ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সংসদের সহ-সভাপতি আসলাম উদ্দিন, জেলা সংসদের সহ-সভাপতি অলক চক্রবর্তী, সাধারণ সম্পাদক নিয়ামুল কবীর সজল, মাহফুজুর রহমান, বিমল ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সংসদের সভাপতি কাজল ও সাধারণ সম্পাদক তুহিন প্রমুখ।

বক্তাগণ শিক্ষানীতি বাস্তবায়নের দাবি জানান। তারা বলেন, সরকার ছাত্রদের নিকট শিক্ষানীতি দিতে পারে নাই এবং ছাত্র ইউনিয়নের দেয়া শিক্ষানীতি বাস্তবায়ন করছে না। অবিলম্বে শিক্ষানীতি বাস্তবায়নের জন্য সরকারের নিকট দাবি জানান। সমাবেশ শেষে জেলা প্রাশাসকের অনুপস্থিতিতে অতিরিক্ত জেলা মেজিস্ট্রেট সুলতান আলমের নিকট শিক্ষানীতির দাবিতে স্মারকলিপি প্রদান করা হয়।

ছাত্রলীগ এ উপলক্ষে এক মিছিল বের করে এবং দূর্গাবাড়ী সড়কে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।